# উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজৈর, মাদারীপুর এর শুদ্ধাচার বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী

সভার স্থান: উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজৈর, মাদারীপুর।

তারিখ: ২৪/০৬/২০২৪ খ্রি.

সময়ঃ ১০.০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট “ক”

**আলোচ্য বিষয়: দাপ্তরিক কর্মকান্ডে শুদ্ধাচার অনুসরণ।**

অদ্য ২৪/০৬/২০২৪ খ্রি. তারিখ অত্র সভার সভাপতি মানিক মল্লিক, সভায় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি কর্মচারীদের জন্য শুদ্ধাচারের গুরুত্ব এবং একটি সুখী সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মানে এর প্রয়োজনীয়তার বিষয়ে আলোকপাত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত মতবিনিময় করা হয় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সকলকে স্ব-উদ্যোগে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং দাপ্তরিক সময় শেষ হওয়ার পূর্বে কোন ক্রমেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।

২. নিজেদের উপর অর্পিত দাপ্তরিক দায়িত্ব সূচারুরূপে পালন করতে হবে। নির্ধারিত সময়ের কাজ নির্ধারিত সময়ের মধ্যেই সম্পাদন নিশ্চিত করতে হবে।

৩. অত্র দপ্তরে আগত বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে ভাল আচরণ করতে হবে এবং চাহিত তথ্য বা কাজ যথাযথভাবে সম্পন্ন করে দিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মানিক মল্লিক)
উপজেলা মৎস্য কর্মকর্তা
রাজৈর, মাদারীপুর।